

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৬২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ তাআলার দর্শনলাভ

ٱلْفَصِيْلُ الثَّالِثُ (بَابِ رؤية الله تَعَالَى)

আরবী

وَعَن ابْن مَسْعُود فِي قَوْلِهِ: (فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَى) وَفِي قَوْلِهِ: (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) قَالَ فِيهَا كُلِّهَا: رَأَى جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ لَهُ سِتُّمِائَةِ جَنَاحٍ. مُتَّفَقٌ عَلَيْهِ وَفِي رِوَايَةِ التِّرْمِذِيِّ قَالَ: (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى) قَالَ: رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جِبْرِيلَ فِي حُلَّةٍ مِنْ رَفْرَفٍ قَدْ مَلَأَ مَا بَيْنَ السَّمَاءِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جِبْرِيلَ فِي حُلَّةٍ مِنْ رَفْرَفٍ قَدْ مَلَأَ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَلَهُ وَلِلْبُخَارِيِّ فِي قَوْلِهِ: (لَقَدْ رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) قَالَ: رَأَى رَفْرَفًا أَخْضَرَ سَدَّ أَفُقَ السَّمَاءِ

متفق عليه ، رواه البخارى (4856 و الرواية الاخيرة : 4858) و مسلم (282 ، 281 / 174)، (432) و الترمذى (3283 وقال : حسن صحيح) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৬৬২-[৮] ইবনু মাস'উদ (রাঃ) বর্ণনা করেন। আল্লাহর বাণী- (فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَذْنَى) ফলে [নবী (সা.) ও জিবরীলের মাঝে] দুই ধনুকের ব্যবধান রইল অথবা আরো কম"- (সূরা আন্ নাজম ৫৩ : ৯) এবং (الْفُوَّادُ مَا رَأَى مَلَ "(নবীর) অন্তঃকরণ মিথ্যে মনে করেনি যা সে দেখেছিল" (সূরা আন্ নাজম ৫৩ : ১১) ও (الْفُوَّادُ مَا رَأَى مَنَ الْمِتَ رَبِّهِ السَّكُبِيرَى) "সে তার প্রতিপালকের বড় বড় নিদর্শন দেখেছিল"- (সূরাহ্ আন্ নাজম ৫৩ : ১৮) এ সকল আয়াতের ব্যাখ্যায় বলেছেন, রাসূলুল্লাহ (সা.) জিবরীল (আঃ)-কে দেখেছেন এবং তার ছয়শত ডানা আছে। (বুখারী ও মুসলিম)

আর তিরমিযীর বর্ণনায় আছে, ইবনু মাস্'উদ (রাঃ) (مَا كَذَبَ السَّفُوَّادُ مَا رَأَى) (সূরা আন নাজম ৫৩ : ১১)-এর



সম্পর্কে বলেছেন, রাসূলুল্লাহ (সা.) - জিবরীল (আঃ)-কে এক জোড়া সবুজ পোশাক পরিহিত অবস্থায় দেখেছেন, তিনি আকাশ ও জমিনের মধ্যবর্তী শূন্যতাকে জুড়ে রেখেছেন।

আর বুখারীর এক বর্ণনায় আছে, (القَدَّةَ رَأَى مِنَ الْيَتِ رَبِّهِ الْكَبُاكِرَى) (সূরা আন্ নাজম ৫৩ : ১৮)-এর ব্যাখ্যায় ইবনু মাস্উদ (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ (সা.) সবুজ রঙের রফরফ (পরিহিত জিবরীল আলায়হিস সালাম-কে) দেখেছেন, যা গোটা আকাশ জুড়ে রেখেছে।

ফুটনোট

সহীহঃ বুখারী ৪৮৫৫, মুসলিম ২৮১-(১৭৪), তিরমিয়ী ৩৮২২, মুসান্নাফ আবদুর রায্যাক ৮১২৫, মুসনাদে আহমাদ ৩৭৮০, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৫৩১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন